

34

ইসলামী ভাসিটির ভিসির
অপসারণের দাবীতে
শিক্ষকদের অনশনের
কর্মসূচী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক
সমিতি, ভিসি ইনাম-উল-হককে
'অযোগ্য, সন্ত্রাসী, দুর্নীতিবাজ ও
খুনের পরিকল্পনাকারী' হিসাবে
(২য় পৃ: ৮-এর ক: ড:)

ইসলামী ভাসিটির

(১৫নং পৃ: পর)

আধ্যায়িত করিয়া সরকারের নিকট
আগামী ২৮ আগষ্টের মধ্যে তাহার
অপসারণ, সকল দুর্নীতির বিচার
এবং গত ১৭ আগষ্ট ক্যাম্পাসে
সংঘটিত সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত
ভিসি, কতিপয় কর্মকর্তা, কর্মচারী
এবং ভাড়াটিয়া বাহিনীর সদস্যদের
গ্রেফতারের দাবী জানাইয়াছে। উক্ত
সময়ের মধ্যে দাবী পূরণ না হইলে
শিক্ষক সমিতি ৩১ আগষ্ট চ্যান্সেলর
প্রধানমন্ত্রীর দপ্তরে অবস্থান ধর্মঘট,
১ সেপ্টেম্বর একই স্থানে প্রতীক
অনশন এবং ২ সেপ্টেম্বর হইতে
দাবী আদায় না হওয়া পর্যন্ত
আমরণ অনশন কর্মসূচী পালন
করিবে। গতকাল (শনিবার) বিশ্ব-
বিদ্যালয়ের কুষ্টিয়াস্ত ক্লাব ভবনে
শিক্ষক সমিতি আয়োজিত সাংবাদিক
সম্মেলনে উক্ত দাবী ও কর্মসূচী
ঘোষণা করা হয়। সাংবাদিক সম্মে-
লন হইতে শিক্ষক সমিতি ভিসিকে
ক্যাম্পাসে অব্যাহিত ঘোষণা করে।

সাংবাদিক সম্মেলনে লিখিত
বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতির
সাধারণ সম্পাদক সরোয়ার জাহান।
এসময় বেশ কয়েকজন সিনিয়র
শিক্ষক উপস্থিত ছিলেন।